

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা


তারিখ: ১৭/০৩/২০২২ খ্রি.

বিজ্ঞপ্তি


রাঙ্গামাটি সরকারি কলেজের সকল নিয়মিত শিক্ষার্থী এবং সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, আগামী ২৯/০৩/২০২২ খ্রি. ও ৩১/০৩/২০২২ খ্রি. তারিখ বার্ষিক সাহিত্য ও সংস্কৃতি প্রতিযোগিতা-২০২২ অনুষ্ঠিত হবে। এ প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে ইচ্ছুক শিক্ষার্থীদেরকে আগামী ২৪/০৩/২০২২ খ্রি. তারিখ বৃহস্পতিবার বেলা ১.০০ টার মধ্যে কলেজের প্রশাসনিক ভবনের নিচতলায় অফিসকক্ষের সামনে রক্ষিত নির্ধারিত বাস্তব নাম জমা দেয়ার জন্য নির্দেশ দেয়া গেল। আলাদা কাগজে ইভেন্টের নাম, প্রতিযোগীর নাম, পিতার নাম, মাতার নাম, শ্রেণি, বিভাগ, রোল নম্বর, শিক্ষাবর্ষ, মোবাইল নম্বর ও ইমেইল (যদি থাকে) উল্লেখ করে জমা দিতে হবে। নাম জমাদানের সময় কলেজ কর্তৃক ইস্যুকৃত শিক্ষার্থীর পরিচয়পত্র অথবা কলেজের সর্বশেষ শ্রেণিতে ভর্তির রশিদ এর ফটোকপি সংযুক্ত করতে হবে। একজন শিক্ষার্থী অনধিক ৪ (চার) টি ইভেন্টে অংশ নিতে পারবে।

প্রতিযোগিতার ইভেন্টসমূহ:

১. ক্বিরাত
২. হামদ/ নাতে রসুল
৩. বাংলা কবিতা আবৃত্তি: শামসুর রাহমান -এর 'স্বাধীনতা তুমি'
৪. ইংরেজি কবিতা আবৃত্তি: 'I Wandered Lonely as a Cloud' by William Wordsworth
৫. রবীন্দ্র সংগীত
৬. নজরুল সংগীত
৭. দেশাত্মবোধক গান
৮. পল্লীগীতি/আঞ্চলিক গান
৯. আধুনিক গান
১০. নৃত্য (একক)
১১. নৃত্য (দ্বৈত/দলীয়)
১২. অভিনয় (একক)
১৩. অভিনয় (দ্বৈত/দলীয়)
১৪. উপস্থিত বক্তৃতা
১৫. গল্প বলা


২৭/০৩/২০২২
অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা


১৭.৩.২০২২
আহ্বায়ক

বার্ষিক সাহিত্য ও সংস্কৃতি প্রতিযোগিতা-২০২২ কমিটি
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা